ওমরাহ আবেদনে কোনো এজেন্সির প্রয়োজন নেই: সৌদি সরকার

চেম্বার ডেস্ক:: সারাবিশ্বের ধর্মপ্রাণ মুসলিমরা এখন থেকে ওমরাহ হজ করার জন্য নিজে নিজেই আবেদন করতে পারবেন। তাদের কোনো ওমরাহ সার্ভিস এজেন্সির মাধ্যমে আবেদন করতে হবে না। এক ঘোষণায় এমনটাই জানিয়েছে সৌদি সরকার।

মঙ্গলবার (৫ এপ্রিল) সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় জানিয়েছে, এখন থেকে সৌদি আরবের বাইরে থেকে আসা ব্যক্তিরা ওমরাহ ভিসা পাওয়ার জন্য সরাসরি নিবন্ধন করতে পারবেন। তাদের বিদেশি কোনো ওমরাহ সার্ভিস বা এজেন্সির মাধ্যমে আবেদন করতে হবে না।

ওমরাহ ভিসার আবেদনপত্রটি সৌদি আরবের অনুমোদিত ইলেকট্রনিক প্ল্যাটফর্মের মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় তার অফিসিয়াল টুইটার অ্যাকাউন্টে এক বিবৃতির মাধ্যমে এ তথ্য জানিয়েছে। মন্ত্রণালয় জানায়, এ রেজিস্ট্রেশন প্রক্রিয়াটি তিনটি ধাপের মধ্য দিয়ে সম্পন্ন হবে।

আগ্রহী ব্যক্তিরা ওমরাহ পালনের জন্য অনুমোদিত ইলেকট্রনিক প্ল্যাটফর্মগুলোর একটির মাধ্যমে নিবন্ধন করবে। ওমরাহ প্রোগ্রামে ইলেকট্রনিক ভিসার জন্য সব প্রয়োজনীয়তা পূরণের পাশাপাশি আবাসন এবং পরিবহন পরিষেবা অন্তর্ভুক্ত থাকবে। ওমরাহ যাত্রীরা ভিসার কপি নিজেরাই প্রিন্ট করতে পারবেন।